

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মত্বার্থিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, মে ১৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ বৈশাখ ১৪২৯/১৩ মে ২০২২

নম্বর: ০৮.০০.০০০০.৮২০.২২.০০২.২২.৩০—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে,  
বাংলাদেশের অক্তিম বন্ধু সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ খলিফা বিন জায়েদ আল  
নাহিয়ানের ইতেকালে আগামী ১৪ মে ২০২২ তারিখ শনিবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে ০১ (এক)  
দিনের শোক পালন করা হবে।

২। এ উপলক্ষে আগামী ১৪ মে ২০২২ তারিখ শনিবার বাংলাদেশের সকল সরকারি,  
আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন  
এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ানের মৃত্যু  
মাগফেরাতের জন্য আগামী ১৪ মে ২০২২ তারিখ শনিবার বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া  
অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮২৫৩)

মূল্য : টাকা ৪.০০